

MASTER OF ARTS EXAMINATION, 2022
(2nd Year, 4th Semester)
COMPARATIVE LITERATURE
Course – PG/CL/4.2b
(Literature of Bangladesh II)

Full Marks: 30

Time: Two Hours

প্রশ্নগুলি সমমানের।
কেবলমাত্র বাংলা অথবা ইংরেজি ভাষায়
সকল প্রশ্নের উত্তর লেখ।

১। ক) বাংলাদেশের উপন্যাসে একটি পুনরাবৃত্ত প্রসঙ্গ 'গ্রাম-শহরের সম্পর্ক'। পাঠ্য উপন্যাসের অনুষ্ণে তোমার যুক্তি উপস্থাপন করো।

অথবা,

খোয়াবনামা উপন্যাসে ধর্ম এবং সামাজিক উচ্চবর্গের আধিপত্য দেশভাগের রাজনীতিকে কীভাবে প্রভাবিত করেছে তা যথোপযুক্ত উদাহরণসহ আলোচনা করো

২। ক) স্মৃতির পাথুরে সরলরৈখিক আখ্যানের বদলে শামসুল হকের *জলেশ্বরীর জলমণ্ডল* পুরাকথা ও বহুস্তরীয় স্মৃতিকে আশ্রয় করে। মুক্তিযুদ্ধের স্মৃতির বিপুল উদযাপনের কালে স্মৃতির নির্মাণের এই বিকল্প রীতিকে কি রাজনৈতিক প্রতিরোধ হিসেবে পড়া চলে? আলোচনা করো।

অথবা,

খ) রূপকথার আঙ্গিক কীভাবে শামসুর রহমানের *স্মৃতির শহর* স্মৃতিকথাটির নির্মাণে কার্যকরী হয়ে উঠেছে? আলোচনা করো।

৩। ক) 'গাছে আটকা ঘুড়ি' গল্পে প্রতীক ব্যবহারের তাৎপর্য ব্যাখ্যা করো।

অথবা,

খ) শহীদুল জাহিরের 'ভালবাসা', সেলিনা হোসেনের 'ইজ্জত' ও নাসরিন জাহানের 'আমার জন্ম' গল্পগুলিতে দৈনন্দিন যাপন কীভাবে আখ্যানের আঙ্গিক ও অন্তর্ভুক্তিতে বদল আনছে, তা আলোচনা করো।